Bengali

NHS

1লা অক্টোবর 2007 তারিখ থেকে আইনের পরিবর্তন হচ্ছে



SMOKEFREE

সূচিপত্র

আইনের পরিবর্তন হচ্ছে কেন? 03

মেনে চলতে হলে আমার কি করা দরকার? 04

আমার কর্মচারীদের আমি কিভাবে তৈরী করব? 05

কিভাবে আমি বয়সের প্রমাণ দেখতে চাইব? 06

কিভাবে আইনের এই পরিবর্তন মেনে চলতে বাধ্য করা হবে? 07

আমি কোথায় সাহায্য ও সহায়তা পাব? 08

আইনের পরিবর্তন হচ্ছে

1লা অক্টোবর 2007 তারিখ থেকে, ইংল্যান্ড এবং ওয়েল্‌স-এ, 18 বছরের কম বয়সী কাউকে তামাকজাত দ্রব্য বিক্রি করা বেআইনী হয়ে যাবে। এই পরিবর্তনের মধ্যে পড়বে, কাউন্টারে ও ভেন্ডিং মেশিনে বিক্রি করা সিগারেট, চুরুট, নিজে গড়ে নেওয়া ও পাইপে ব্যবহার করার তামাক ও সেই সঙ্গে গড়ে নেওয়ার কাগজ।

আইনের পরিবর্তন হচ্ছে কেন ?

বেশীরভাগ আসক্ত ধূমপানকারীরা, তের থেকে উনিশ বছর বয়সের মধ্যে ধূমপান করতে শুরু করেন। শিশু ও অল্পবয়সী ছেলেমেয়েরা যাতে আসক্ত হয়ে না পড়ে এবং তাদের যাতে ধূমপান করার স্বাস্থ্য সংক্রান্ত ভয়ঙ্কর বিপদগুলির অভিজ্ঞতা না হয়, সে ব্যাপারে সাহায্য করার উদ্দেশ্যে এই আইনের পরিবর্তন করা হচ্ছে।

তামাক বিক্রি করার সিদ্ধান্ত নিলে, আপনাকে কয়েকটি আইনগত কর্তব্য মেনে চলতে হবে, যার মধ্যে একটা হচ্ছে সর্বনিম্ন বয়সের কম বয়সীদের এই দ্রব্য বিক্রি না করা।

এর কারণটা পরিষ্কার হয়ে যাবে যখন আপনি বিবেচনা করে দেখবেন যে:

- সারা জীবন ধরে যারা ধূমপান করেন, তাদের প্রতি দু'জনের মধ্যে একজনের মৃত্যুর কারণ হবে তাদের আসক্তি।
- একজন ধূমপানকারী যত অল্পবয়সে ধূমপান করতে শুরু করবেন, ততই সেই আসক্তি তাদের মৃত্যুর কারণ হওয়ার সম্ভাবনা বেশী থাকবে।
- যিনি 20 থেকে তিরিশ বছরের মাঝামাঝি ধূমপান করতে শুরু করেছেন তার তুলনায়, কেউ যদি 15 বছর বয়সে ধূমপান করতে শুরু করেন, তাহলে তার ধূমপানের থেকে হওয়া ক্যান্সারে মৃত্যু হওয়ার সম্ভাবনা তিনগুণ বেশী।

মেনে চলতে হলে
আমার কি করা দরকার ?
(আইন অনুযায়ী যা বাধ্যতামূলক)

1লা অক্টোবর 2007 তারিখ থেকে:

- 18 বছরের কম বয়সী কাউকে অবশ্যই আপনি তামাকজাত জিনিষ বিক্রি করবেন না। বর্তমান যে আইনে 16 বছরের কম বয়সের কাউকে তামাকজাত জিনিষ বিক্রি করা বেআইনী, সেই আইনের পরিবর্তে এই আইনটা করা হয়েছে।
- বর্তমান বিজ্ঞপ্তিগুলি (আইনগত বিজ্ঞপ্তিগুলি) পাল্টে আপনাকে, তামাকজাত জিনিষ বিক্রি করার নতুন বয়সের সীমা বলা হয়েছে এরকম নতুন বিজ্ঞপ্তি প্রদর্শন করতে হবে। এই বিজ্ঞপ্তিটা এমন একটা দৃশ্যমান জায়গায় রাখা উচিত যেখানে, যারা তামাকজাত জিনিষ কিনতে আসবেন তাদের সকলের চোখে পড়বে এবং নিচের নির্দেশগুলি অনুযায়ী কাজ করবেন।

কাউন্টার থেকে বিক্রি করার জন্য বিজ্ঞপ্তি

আপনার ব্যবহার করার জন্য আমরা এর সাথে একটা বিজ্ঞপ্তি দিয়েছি। আপনি যদি নিজস্ব বিজ্ঞপ্তি তৈরী করতে চান অথবা অন্য কোন বিজ্ঞপ্তি ব্যবহার করেন, তাহলে আইন মেনে চলতে হলে:

- এতে অবশ্যই বলতে হবে যে 'It is illegal to sell tobacco products to anyone under the age of 18'.
- এই বিজ্ঞপ্তিটা অবশ্যই অন্ততঃ A3 আয়তনের (420 মিলিমিটার x 297 মিলিমিটার) হতে হবে, এবং অক্ষরগুলির উচ্চতা অন্ততঃ 36 মিলিমিটার হতে হবে।

www.tobaccoagechange.co.uk ঠিকানা থেকে এই বিজ্ঞপ্তিটা ডাউনলোড করা যাবে।

ভেন্ডিং মেশিন থেকে বিক্রি করার জন্য বিজ্ঞপ্তি

তামাকজাত জিনিষ বিক্রি করার সব ভেন্ডিং মেশিনে অবশ্যই একটা সাম্প্রতিক বিজ্ঞপ্তি প্রদর্শন করতে হবে। আইন মেনে চলার জন্য, আপনার ভেন্ডিং মেশিনের:

- বিজ্ঞপ্তিতে অবশ্যই বলতে হবে যে 'This machine is only for the use of people aged 18 or over'.
- বিজ্ঞপ্তিটাকে অবশ্যই অন্ততঃ 60 মিলিমিটার x 100 মিলিমিটার আয়তনের হতে হবে এবং অক্ষরগুলির উচ্চতা অন্ততঃ 6 মিলিমিটার হতে হবে।
- বিজ্ঞপ্তিটা যারা মেশিনটা ব্যবহার করবেন তাদের অবশ্যই পরিষ্কারভাবে চোখে পড়বে।

আপনার পাইকারী বিক্রেতা অথবা ভেন্ডিং মেশিনসরবরাহকারী যদি ইতিমধ্যেই এটা আপনাকে না দিয়ে থাকে, তাহলে তাদের এটা আপনাকে সরবরাহ করতে পারা উচিত।

আপনার কর্মচারীদের তৈরী করা

তামাকজাত এবং অন্যান্য বয়স-নিয়ন্ত্রিত জিনিষ সংক্রান্ত বিষয়ে, খুচ্‌রা বিক্রেতা হিসাবে আপনার হয়ত ইতিমধ্যেই অভিজ্ঞতা রয়েছে। তবে, তামাকজাত জিনিষ বিক্রি করার বয়স বেড়ে যাওয়াতে, অপেক্ষাকৃত অল্পবয়সী ক্রেতাদের কাছ থেকে আপনি হয়ত নতুন করে বিরোধিতার সম্মুখীন হবেন।

আইনের বিষয়ে, এবং কেমন করে প্রশ্ন করতে হবে ও বিক্রি করায় না বলতে হবে, এইসব বিষয়ে আপনার কর্মচারীদের প্রশিক্ষণ দিলে খুব সাহায্য হতে পারে। আপনি কি করতে পারেন তার কয়েকটা উদাহরণ এখানে দেওয়া হল:

- ☐ অপরাধ করা এড়ানোর জন্য, আইনের পরিবর্তনের কথা আপনার কর্মচারীদের আপনার জানানো উচিত।
- ☐ আপনি হয়ত এই প্রশিক্ষণের রেকর্ড রাখতে চাইতে পারেন, এবং তারা যে এটা বুঝতে পেরেছেন তা লিখে সেই কর্মচারীদের সই করতে বলতে পারেন।
- ☐ কর্মচারীদের জানিয়ে রাখা উচিত যে তারা যদি 18 বছরের কম বয়সী কাউকে বিক্রি করে, তাহলে তাদের ব্যক্তিগতভাবে দায়ী করা হতে পারে।

এর সাথে যে তথ্যের কাগজটি দেওয়া হয়েছে তাতে আপনাকে ও আপনার কর্মচারীদের আইনের পরিবর্তনটা মেনে চলতে সাহায্য করার জন্য আরও উপদেশ রয়েছে।

বয়সের প্রমাণ দেখতে চাওয়া

কিভাবে বয়সের প্রমাণ দেখতে চাওয়া যায় এবং যে ক্রেতাদের সামলান কঠিন তাদের কিভাবে সামলান যায় তা জানাটা গুরুত্বপূর্ণ। এটা ঠিকমত করতে পারলে রোজকার জীবন অনেকটাই সহজ হতে পারে।

- **আপনার দোকানের কাউন্টারের ওপরে বা কাছে পরিষ্কারভাবে সঠিক বিজ্ঞপ্তি প্রদর্শন করবেন।** আশা করি এটা প্রথমেই উপযুক্ত বয়সের কম বয়সী ক্রেতাদের কেনার চেষ্টা করা থেকে বিরত করবে এবং আপনি যে শুধুই আইন মেনে চলছেন তা তাদের মনে করিয়ে দিতে সাহায্য করবে।
- **কৌশলী হবেন ও ভদ্র ব্যবহার করবেন।** না বলতে খারাপ লাগতে পারে। ক্ষমা চেয়ে নেবেন এবং তাদের রাগিয়ে দেবেন না অথবা নিজে রেগে যাবেন না।
- **শান্ত থাকবেন।** তারা যদি রেগে যান, তাহলেও আপনি পেশাদার ব্যক্তির মত আচরণ করবেন এবং অটল থাকবেন।
- **দোষী হওয়া এড়িয়ে যাবেন।** বুঝিয়ে বলবেন যে আইন অনুসারে আপনি বয়সের প্রমাণ দেখতে চাইতে বাধ্য এবং এটা ব্যক্তিগত কিছু নয়।
- **নিরাপদ থাকবেন।** যদি কোন ক্রেতা শারীরিকভাবে আক্রমণাত্মক বা ভীতিজনক হয়ে ওঠেন, তাহলে সেই পরিস্থিতি থেকে সরে যাবেন এবং সাহায্য চাইবেন। অত্যন্ত বেশীরকম বাড়াবাড়ি হলে পুলিসকে ডাকবেন।

লোকটিকে অন্ততঃ 21 বছরের বলে নিশ্চিতভাবে মনে না হলে, সবসময় বয়সের প্রমাণ দেখতে চাওয়া হচ্ছে সবচেয়ে বুদ্ধিমানের কাজ। ভদ্রভাবে চাইলে, সঠিক বয়সের লোকরা তাদের ছবি সমেত পরিচয়পত্র দেখাতে কিছু মনে করবেন না।

বয়সের বৈধ প্রমাণ দেখতে চাওয়ার ব্যাপারে এবং কি ধরনের ছবি সমেত পরিচয়পত্র মেনে নেওয়া যাবে সে বিষয়ে আপনার কর্মচারীদের উপদেশ দেওয়াটা গুরুত্বপূর্ণ। যেমন, বয়স প্রমাণ করার কার্ডে PASS (পাস) হলোগ্রামের লোগোটা খুঁজে দেখবেন।

মেনে নেওয়ার যোগ্য ছবি সমেত পরিচয়পত্র:

পাসপোর্ট

ছবি সমেত ড্রাইভিং লাইসেন্স

সিটিজেনকার্ড

ভ্যালিডেট্কার্ড

পোর্টম্যান 'প্রুভ্ ইট্' কার্ড



PASS হলোগ্রাম লোগো

সাহায্য করার উদ্দেশ্যে, একটা প্রচারের উদ্যোগের মাধ্যমে - ডিপার্টমেন্ট অভ্ হেল্থ সকলকে - বিশেষ করে তের থেকে উনিশ বছর বয়স্কদের, একটি স্বীকৃতিপ্রাপ্ত অথরিটীর কার্যক্রমের পরিচয়পত্র সঙ্গে রাখার প্রয়োজনের কথা মনে করিয়ে দেবে।

কিভাবে আইনের এই
পরিবর্তন মেনে চলতে বাধ্য করা হবে?

ট্রেডিং স্ট্যান্ডার্ডস অফিসাররা, উপযুক্ত বয়সের কম বয়সী ক্রেতাদের তামাকজাত জিনিষ বিক্রি করা সংক্রান্ত আইন মেনে চলতে বাধ্য করার কাজ করা চালিয়ে যেতে থাকবেন।

1লা অক্টোবর 2007 তারিখ থেকে, 18 বছরের কম বয়সী কাউকে তামাকজাত দ্রব্য বিক্রি করার শাস্তি হিসাবে £2,500 পর্যন্ত জরিমানা করা হতে পারে।

যদিও তারা মনে করে থাকেন যে এটা একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির হয়ে কেনা হচ্ছে, অথবা ক্রেতার চেহারা দেখে তার বয়স 18 বছরের বেশী বলে মনে হয়, তাহলেও কোন বেআইনী বিক্রির জন্য বিক্রয়কারী কর্মচারী এবং ব্যবসার মালিক এই দু'জনকেই দায়ী করা হতে পারে।

আইনগত বিজ্ঞপ্তি প্রদর্শন না করার ফলে £1,000 পর্যন্ত জরিমানা করা হতে পারে। এটা কাউন্টার এবং ভেন্ডিং মেশিনের বিক্রি, এই দুইয়ের ক্ষেত্রেই প্রযোজ্য।

আপনার ট্রেডিং স্ট্যান্ডার্ডস ডিপার্টমেন্টের কাছ থেকে আরও উপদেশ পাওয়া যাবে। আরও তথ্যের জন্য www.tradingstandards.gov.uk/business/business.cfm ঠিকানায় গিয়ে দেখবেন।



সাহায্য এবং সহায়তা

আপনি যেভাবে আপনার ব্যবসা চালান তার ওপরে এই পরিবর্তনের যে প্রভাব পড়বে তা আমরা বুঝি এবং আপনার পক্ষে আইনের পরিবর্তন অনুযায়ী কাজ করা যতটা সহজ করা সম্ভব তাই আমরা করতে চাই।

আপনার যদি কোন প্রশ্ন থাকে অথবা আপনি আরও তথ্য পেতে চান, তাহলে **www.tobaccoagechange.co.uk** ঠিকানায় গিয়ে দেখবেন অথবা আপনার স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ডস ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করবেন।

অন্যান্য যে ওয়েবসাইটগুলির থেকে আপনি সাহায্য পেতে পারেন

ট্রেডিং স্ট্যান্ডার্ডস
ক্রেতাদের রক্ষা করা সম্বন্ধে তথ্য পাওয়ার ওয়ান-স্টপ-শপ (যে জায়গায় সবকিছু পাওয়া যায়)
www.tradingstandards.gov.uk

LACORS (লেকরস - লোকাল অথরিটীজ্ কোঅর্ডিনেটারস অভ্ রেগুলেটরী সার্ভিসেস)
লোকাল সিটিজেনকার্ড নিয়ন্ত্রণকারী এবং সেগুলির সংশ্লিষ্ট সার্ভিসগুলির (পরিষেবাগুলির) তত্ত্বাবধান করার দায়িত্বপ্রাপ্ত।
www.lacors.gov.uk

PASS কার্যক্রম
বয়স-প্রমাণের কার্ডের জন্য ইউনাইটেড কিংডম-এর রাষ্ট্রীয় প্রতিশ্রুতির কার্যক্রম। **www.pass-scheme.org.uk**